

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫২০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩২) ইমামের পিছনে 'আমীন' ও দু'আর মধ্যে 'আমীন' বলতে উদ্বুদ্ধকরণ এবং রুকূ' থেকে দাঁড়িয়ে ও নামায শুরু করার সময় যা বলতে হয় তার বর্ণনা

الترغيب في التأمين خلف الإمام وفي الدعاء وما يقوله في الاعتدال والاستفتاح

আরবী

(صحيح) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا قَالَ الْإِمَامُ سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ فَإِنَّهُ مَنْ وَافَقَ قَوْلُهُ قَوْلَ الْمَلَائِكَةِ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ رواه البخاري ومسلم وأبو داود والترمذي والنسائي

বাংলা

৫২০. (সহীহ্) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ্ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ''ইমাম যখন বলেন, ''সামিআল্লাহু লিমান হামিদাহ'' তোমরা বলঃ ''আল্লাহুম্মা রাববানা লাকাল্ হামদু'' কেননা যার একথা ফেরেশতাদের কথার সাথে মিলে যাবে তার পূর্বের সকল গুনাহ ক্ষমা করা হবে।''

(মালেক, বুখারী ৭৯৬, মুসলিম ৪০৯, আবু দাউদ ৮৪৮, তিরমিযী ২৬৭ ও নাসাঈ ২/১৯৬)

বুখারী ও মুসলিমের অপর বর্ণনায় বলা হয়েছেঃ

فقولوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ

''তোমরা বলবেঃ ''রাববানা ওয়া লাকাল হামদু।'' ওয়াও শব্দ বৃদ্ধি করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন